

ক্ষমতাহীন

আমরা পড়ছি নাপাম, কল্পনা করছি নাপাম।
 যেহেতু কল্পনা করা যায় না নাপাম
 আবার পড়ছি, নাপাম, যতক্ষণ না
 আরও কল্পনা করতে পারছি।
 এখন আমরা নাপামের বিদ্রোহ প্রতিবাদ করছি।
 প্রাতঃরাশের পর, সব চূপচাপ,
 ফটোতে দেখেছি নাপাম কি করতে পারে
 আমরা পরস্পরকে দেখাচ্ছি মোট দাগের ছবি
 আর বলছি এই তুমি নাপাম
 ওরা নাপাম দিয়ে এই করছে।
 শীঘ্রই পাওয়া যাবে সস্তা ছবির বই
 আরও ভালো ভালো ছবি নিয়ে
 আরও পরিষ্কার দেখা যাবে
 নাপাম কি করতে পারে।
 আমরা নখ কামড়াচ্ছি আর প্রতিবাদ লিখছি।
 কিন্তু কাগজে পড়ছি নাপামের থেকেও খারাপ জিনিষ আছে।
 আমরা দ্রুত সেই খারাপ জিনিসের বিদ্রোহ প্রতিবাদ করছি
 আমাদের সোচ্চার প্রতিবাদে যে কোন সময়
 মাথা তুলে দাঁড়াতে পারে।
 ক্লীবত্ব, রবারের মুখোসে নিঃশেষ।
 ক্লীবত্ব, বার্থ গানে ভরা।
 ক্ষমতাহীন, হাতে নিয়ে গীটার—
 ক্ষমতা গর্জে উঠবে।

গুন্টার গ্যাস

অনুবাদক : বুদ্ধদেব ভট্টাচার্য্য

